গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

**[ প্রশাসন শাখা ]**

নথি নং: ২৮(৩০)কাস/৯৮-৯৯-২০০১-২০০৪ /১২৩০০(১০)

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ। / ১৩ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

13 AUG 2026

**বিষয়: চট্টগ্রাম বন্দরে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক পণ্যচালানবাহী কন্টেইনার স্ক্যানিং সংক্রান্ত স্থায়ী আদেশ।**

**স্থায়ী আদেশ নং-০২/২০২৬**

কাস্টমস আইন, ২০২৩ এর আওতায় ট্রেড ফ্যাসিলিটেশনের স্বার্থে পণ্যচালানের খালাস অধিকতর গতিশীল করা এবং সরকারি রাজস্ব সুরক্ষা, অসত্য ঘোষণা রোধ, নিরাপত্তা নিশ্চিতকরণসহ চোরাচালান প্রতিরোধের নিমিত্ত এ দপ্তরের কার্যপরিধিভুক্ত চট্টগ্রাম বন্দর এবং বেসরকারি বন্দর/টার্মিনাল এ কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক পণ্যচালানবাহী কন্টেইনার স্ক্যানিং অপারেশন সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিলপূর্বক নিম্নোক্ত স্থায়ী আদেশ জারি করা হলো:

০২। চট্টগ্রাম বন্দরে প্রতিটি কন্টেইনার স্ক্যানিংয়ের জন্য প্রাইভেট কাস্টমস আইসিডি, অতঃপর আইসিডি নামে অভিহিত, প্রতিনিধি অথবা সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত দলিলাদি (বিল অব লেডিং (বিএল), কন্টেইনার লিস্ট, স্টাফিং শাখা কর্তৃক ইস্যুকৃত অন-শ্যাসি ডেলিভারির (On-Chassis delivery) অনুমতিপত্র, আইপি/ইপি (ইপিজেড/ইজেড/হাইটেক পার্ক/পিপিপি কর্তৃপক্ষের ক্ষেত্রে), বিল অব এন্ট্রি/এক্সপোর্ট, কমার্শিয়াল ইভেয়েস, ডিটেইলড প্যাকিং লিস্ট (প্যাকেজ নম্বর-ভিত্তিক এবং একাধিক কন্টেইনারের ক্ষেত্রে কন্টেইনার-ভিত্তিক), চট্টগ্রামস্থ ইপিজেডগামী কন্টেইনারের ক্ষেত্রে এস্কর্টিং রেকর্ড শীট এবং আইসিডিগামী কন্টেইনারের ক্ষেত্রে ইকুইপমেন্ট ইন্টারচেঞ্জ রিসিট বা ইআইআর) স্ক্যানিং কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। এক্ষেত্রে উল্লেখ্য, অন-শ্যাসি ডেলিভারির (On-Chassis delivery) অনুমতিপত্রের সাথে স্টাফিং শাখা আবশ্যিকভাবে ডিটেইলড প্যাকিং লিস্ট (প্যাকেজ নম্বর-ভিত্তিক এবং একাধিক কন্টেইনারের ক্ষেত্রে কন্টেইনার-ভিত্তিক) সংযুক্ত করবে। তবে, আইসিডিগামী (ইকুইপমেন্ট ইন্টারচেঞ্জ রিসিট বা ইআইআর এর মাধ্যমে পরিবাহিত) এবং চট্টগ্রামস্থ ইপিজেডগামী (এস্কর্টিং রেকর্ড শীট এর মাধ্যমে পরিবাহিত) কন্টেইনারের ক্ষেত্রে বিল অব এন্ট্রি দাখিল না হলে কমার্শিয়াল ইভেয়েস এবং ডিটেইলড প্যাকিং লিস্টের প্রয়োজন পড়বে না।

০৩। কন্টেইনার স্ক্যানার অপারেটর (ভেন্ডর), অতঃপর অপারেটর বলে অভিহিত, কর্তৃক নিয়োজিত ব্যক্তি(গণ) ইআইআর/এস্কর্টিং রেকর্ড শীট এবং ডিটেইলড প্যাকিং লিস্ট (একাধিক কন্টেইনার হলে) স্ক্যান করে সিস্টেমে সংরক্ষণ করবে। অতঃপর স্ক্যানিং সিস্টেমে স্ক্যানার নম্বর/গেইট ও অবস্থান; শিফট; বিএল নম্বর ও তারিখ; কন্টেইনার নম্বর, আকার ও সিল নম্বর; যানবাহন/ট্রেইলার নম্বর; বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ (যদি থাকে); পণ্যের বর্ণনা, পণ্যের ওজন (গ্রস ও নেট); আইপি/ইপি নম্বর, তারিখ ও ইস্যুকারী কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে); স্ক্যানিংয়ের কারণ; গন্তব্য (Name of ICD/EPZ/EZ or Importer's premises (Industrial/Commercial)/Export/Others টাইপ করে); আমদানিকারক/রপ্তানিকারক ও BIN; সিএন্ডএফ এজেন্ট ও AIN; পণ্যের কান্ট্রি অব অরিজিন; দায়িত্বরত স্ক্যানিং কর্মকর্তার নাম ও আইডি/জন্ম তারিখ (AROC ............... (Name), ID/DoB: DD/MM/YYYY টাইপ করে) সহ অন্যান্য ফিল্ড (Conclusion অংশের Conclusion ফিল্ডের No Suspect/With Suspect অপশনে টিক প্রদান ব্যতীত) এন্ট্রি করবে। তবে, স্ক্যানিং রিপোর্টে পৃথক ফিল্ড সৃজনের পূর্ব পর্যন্ত স্ক্যানার নম্বর/গেইট ও অবস্থান, শিফট, বিএল নম্বর ও তারিখ, বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ (যদি থাকে), আইপি/ইপি নম্বর, তারিখ ও ইস্যুকারী কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে), পণ্যের বর্ণনা, আমদানিকারক/রপ্তানিকারক (BIN সহ), সিএন্ডএফ এজেন্ট (AIN সহ) Manifest Information অংশের Remark ফিল্ডে, গন্তব্য Manifest Information অংশের Content ফিল্ডে এবং স্ক্যানিং কর্মকর্তার নাম ও আইডি/জন্ম তারিখ Conclusion অংশের Inspector ফিল্ডে লিপিবদ্ধ করতে হবে। তবে, ASYCUDA এর সাথে স্ক্যানিং সিস্টেমের Application Programming Interface (API) সংযোগ স্থাপন হলে বিভিন্ন ডেটা auto-extract করে পূরণ করা সম্ভব হবে।

০৪। স্ক্যানিং কর্মকর্তা কন্টেইনার-ভিত্তিক পণ্যের তালিকা দেখে ইমেজের সাথে মিলিয়ে সহজে ও দ্রুত ইমেজ বিশ্লেষণপূর্বক পণ্যচালান খালাস গতিশীল করতে এবং সাসপেক্টজনিত জটিলতা হ্রাসকল্পে প্যাকেজ নম্বর-ভিত্তিক এবং একাধিক কন্টেইনারের ক্ষেত্রে কন্টেইনার-ভিত্তিক ডিটেইলড প্যাকিং লিস্ট অনুযায়ী পণ্যের বর্ণনা পর্যালোচনাপূর্বক স্ক্যানিং ইমেজ বিশ্লেষণ করবে এবং একইসাথে পণ্যের ওজন বিষয়ে কোনো তথ্য বা গোয়েন্দা তথ্য থাকলে ওয়েয়িং স্কেলে (যদি সুবিধা থাকে) তাও যাচাই করবে। এক্ষেত্রে স্ক্যানিং ইমেজ অ্যানালাইসিস টুল ব্যবহার করবে এবং পণ্যের বর্ণনা এবং প্যাকেজের ধরন ও আকার-আকৃতির সাথে স্ক্যানিং ইমেজের কোনো অসঙ্গতি আছে কিনা তা পরীক্ষা করবে। অতঃপর তা সঙ্গতিপূর্ণ হলে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক কন্টেইনার ডেলিভারির অনুমতি প্রদান করে স্বাক্ষরিত স্ক্যানিং রিপোর্টের এক কপি সংরক্ষণ করবে, এক কপি আইসিডি/সিএন্ডএফ প্রতিনিধির নিকট এবং এক কপি সংশ্লিষ্ট গেইটে দায়িত্ব পালনকারী অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস এর নিকট হস্তান্তরের লক্ষ্যে আইসিডি/সিএন্ডএফ প্রতিনিধিকে প্রদান করতে হবে।

অন্যদিকে, ইমেজ বিশ্লেষণপূর্বক ঘোষণা বহির্ভূত পণ্য রয়েছে মর্মে সন্দেহ হলে স্ক্যানিং রিপোর্টের Conclusion অংশের Contents ফিল্ডে কারণ উল্লেখপূর্বক সাসপেক্টকৃত চিহ্নিত করে এআইআর শাখাকে অবহিত করতে হবে এবং স্বাক্ষরিত অতিরিক্ত দুই কপি রিপোর্ট এআইআর কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে যার এক কপি সংশ্লিষ্ট শুল্কায়ন ফোল্ডার/নথিতে সংরক্ষিত থাকবে। এআইআর শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সাসপেক্টকৃত কন্টেইনার রেকর্ড রেজিস্টারে স্বাক্ষর করে কায়িক পরীক্ষণের জন্য কন্টেইনার বুঝে নিতে হবে এবং রাত ১২ টার মধ্যে সাসপেক্টকৃত হলে কন্টেইনার কিপডাউন সাপেক্ষে রাতেই পরীক্ষণ করতে হবে। আর রাত ১২ টার পরে সাসপেক্টকৃত হলে পরদিন পরীক্ষণ করতে হবে। সাসপেক্টকৃত কন্টেইনার বন্দরে পরীক্ষণপূর্বক সঠিক পাওয়া গেলে স্ক্যানিং রিপোর্টে উল্লেখপূর্বক খালাসের অনুমতি প্রদান করবে। আর ঘোষণা বহির্ভূত পণ্য পাওয়া গেলে পরীক্ষণ প্রতিবেদনের কপি সংশ্লিষ্ট শুল্কায়ন শাখা, স্ক্যানিং ডিভিশন ও গেইট ডিভিশনে প্রেরণ করতে হবে। তবে, আইসিডিগামী কন্টেইনার সাসপেক্টকৃত হলে তা সংশ্লিষ্ট স্ক্যানিং কর্মকর্তা কর্তৃক এআইআর শাখাকে অবহিতকরণের পরিবর্তে স্ক্যানিং রিপোর্টের কপি সংযুক্ত করে একটি পত্রের মাধ্যমে **(পরিশিষ্ট-৪ অনুসারে)** কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম বরাবর প্রেরণ করতে হবে।

০৫। প্রতিটি কন্টেইনার স্ক্যানারে স্ক্যানিং কর্মকর্তাগণের দায়িত্বপালন সংক্রান্ত রেকর্ড রেজিস্টার **(পরিশিষ্ট-১)**, সাসপেক্টকৃত কন্টেইনার রেকর্ড রেজিস্টার **(পরিশিষ্ট-২)** এবং কন্টেইনার স্ক্যানিং কাম ওয়েয়িং স্কেল অপারেশন বিঘ্ন সংক্রান্ত রেকর্ড রেজিস্টার **(পরিশিষ্ট-৩)** ব্যবহার ও সংরক্ষণ করতে হবে। কন্টেইনার স্ক্যানিং অপারেশন তদারকির দায়িত্বে থাকা স্ক্যানিং ডিভিশনের অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার দিনে বা রাতে প্রতিটি স্ক্যানার অন্যূন একবার পরিদর্শনপূর্বক স্ক্যানিং রিপোর্টের সব ঘর সঠিকভাবে এন্ট্রি দেওয়া হচ্ছে কিনা, রেজিস্টারসমূহ যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে কিনাসহ অন্যান্য বিষয়াদি পরিবীক্ষণ করবে। পাশাপাশি, কন্টেইনার স্ক্যানার কাম ওয়েয়িং স্কেল এর রক্ষণাবেক্ষণ ও ক্যালিব্রেশন লগ পরিদর্শন করবে। **পরিশিষ্ট-২** এবং **পরিশিষ্ট-৩** অনুযায়ী সকল স্ক্যানারের তথ্য সংকলিত করে প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে কমিশনার অব কাস্টমস বরাবর মাসিক প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে। রেজিস্টারসমূহ শেষ হয়ে গেলে স্ক্যানিং ডিভিশন কর্তৃক তা অন্যূন ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে।

০৬। অপারেটর কর্তৃক নিয়োজিত ব্যক্তি(গণ) প্রতিটি শিফটে স্ক্যানিং কর্মকর্তার দায়িত্ব পালন শেষে তদকর্তৃক ইমেজ বিশ্লেষিত কন্টেইনারের তালিকা সংবলিত রিপোর্ট (ক্রম সংখ্যা, স্ক্যানার নং/গেইট ও অবস্থান, শিফট, বিএল নং ও তারিখ, কন্টেইনার নং ও আকার, সিল নং, যানবাহন/ট্রেইলার নং, পণ্যের বর্ণনা, পণ্যের ওজন (গ্রস ও নেট), আমদানিকারক/রপ্তানিকারক ও BIN, বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নং ও তারিখ (যদি থাকে), কান্ট্রি অব অরিজিন, আইপি/ইপি নং, তারিখ ও ইস্যুকারী কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে), স্ক্যানিংয়ের কারণ, গন্তব্য, দায়িত্বরত স্ক্যানিং কর্মকর্তার নাম ও আইডি/জন্ম তারিখ, স্ক্যানিং তারিখ ও সময়, স্ক্যানিং ফলাফল (No Suspect/Suspect) ও কারণ এবং মন্তব্য) প্রণয়ন করবে। স্ক্যানিং কর্মকর্তা উক্ত রিপোর্টের প্রতি পাতায় স্বাক্ষর, তারিখ ও নামীয় সিল প্রদান করে স্ক্যানিং অপারেশন কক্ষে রক্ষিত একটি নথিতে সংরক্ষণ করবে।

০৭। অপারেটর প্রতি বছর কমপক্ষে ০২ (দুইবার) একশত জন করে কর্মকর্তাকে স্ক্যানিং ইমেজ বিশ্লেষণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে। অপারেটর কাস্টমস কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সকল আইনানুগ সহযোগিতা প্রদান করবে। অপারেটর কর্তৃক স্ক্যানিং ইমেজ, স্ক্যানিং রিপোর্ট সেন্ট্রাল সুপারভিশন সিস্টেমে সংরক্ষণসহ সংশ্লিষ্ট নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে অডিট, তদন্ত বা পরবর্তী যাচাইয়ের জন্য উপস্থাপন করতে হবে। পাশাপাশি, কন্টেইনার স্ক্যানার কাম ওয়েয়িং স্কেল এর নিয়মিত রক্ষণাবেক্ষণ ও ক্যালিব্রেশন লগ সংরক্ষণ করতে হবে।

০৮। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-৪৭ এর উপধারা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে একই আইনের ধারা-২৬৬এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

[signature] 13/08/2026

অফিস কপি

(মুহাঃ মাহবুবুর রহমান)
কমিশনার অব কাস্টমস (চলতি দায়িত্ব)
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮
ইমেইল: customhousectg@nbr.gov.bd

O/C

নথি নং: ২৮(৩০)কাস/৯৮-৯৯-২০০১-২০০৪ | ৯২৬৩০(১-২২)

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ।
১৩ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

13 AUG 2026

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (কাস্টমস) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৩। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর), ঢাকা/চট্টগ্রাম।
০৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/বরিশাল।
০৬। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
০৭। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৮। অ্যাডিশনাল/জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৯। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম (আদেশটি ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
১০। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (স্টাফিং শাখা), কাস্টমস হাউস, চট্টগ্রাম (অন-শ্যাসি ডেলিভারির (On-Chassis delivery) অনুমতিপত্রের সাথে স্টাফিং শাখা কর্তৃক আবশ্যিকভাবে ডিটেইলড প্যাকিং লিস্ট (প্যাকেজ নম্বর-ভিত্তিক এবং একাধিক কন্টেইনারের ক্ষেত্রে কন্টেইনার-ভিত্তিক) সংযুক্ত করার অনুরোধসহ)।
১১। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (অন্যান্য সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১২। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। রেভিনিউ অফিসার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১৪। অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১৫। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ডব্লিউটিসি ভবন, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৭। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, মক্কা-মদিনা ট্রেড সেন্টার, (৩য় তলা), ৭৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।
১৮। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং অ্যাসোসিয়েশন, প্লট-৭৬/এ (৫ম তলা), রোড-১১, ব্লক-এম, বনানী, ঢাকা-১২১৩।
১৯। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স অ্যাসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), ১৭২৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।
২০। ব্যবস্থাপনা পরিচালক, Five R Associates, Haque Tower (2nd Floor), 191/A, Mir Shawqat Shoroni, Tejgaon I/A, Dhaka-1208 [কন্টেইনার স্ক্যানার অপারেটর (ভেন্ডর)].
২১। গ্রহণ ও প্রেরণ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম [আদেশটি বিলিকরণের নির্দেশ প্রদান করা হলো]।
২২। অফিস কপি।

13.08.26

(শরীফ মোহাম্মদ আল আমিন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

**পরিশিষ্ট-১**

**কাস্টমস স্ক্যানিং ডিভিশন**
**কাস্টমস হাউস, চট্টগ্রাম**

**স্ক্যানিং কর্মকর্তাগণের দায়িত্বপালন সংক্রান্ত রেকর্ড রেজিস্টার**
**স্ক্যানার নম্বর/গেইট ও অবস্থান:**

| ক্রঃ নং | শিফট | স্ক্যানিং কর্মকর্তার নাম, পদবি, আইডি/জন্ম তারিখ | দায়িত্ব শুরুর তারিখ ও সময় | আইসিডিগামী কন্টেইনার সংখ্যা | মোট স্ক্যানিংকৃত কন্টেইনার সংখ্যা | সাসপেক্টকৃত কন্টেইনার সংখ্যা | দায়িত্ব সমাপ্তির তারিখ ও সময় | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ |

**পরিশিষ্ট-২**

**কাস্টমস স্ক্যানিং ডিভিশন**
**কাস্টমস হাউস, চট্টগ্রাম**

**স্ক্যানিংয়ে সাসপেক্টকৃত কন্টেইনার রেকর্ড রেজিস্টার**
**স্ক্যানার নম্বর/গেইট ও অবস্থান:**

| ক্রঃ নং | সাসপেক্টকৃত কন্টেইনার নম্বর | ঘোষিত পণ্যের বর্ণনা | কন্টেইনার সাসপেক্টকৃত হওয়ার তারিখ ও সময় | বিএল/বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ (যদি থাকে) | আমদানিকারক/রপ্তানিকারক ও BIN | সিএন্ডএফ এজেন্টের নাম ও AIN (যদি বিল অব এন্ট্রি নম্বর থাকে) | কন্টেইনারের গন্তব্য (আইসিডি/ইপিজেড/ইজেড/প্রাঙ্গন এর নামসহ) | সাসপেক্টকৃত হওয়ার কারণ | কন্টেইনার-ভিত্তিক ডিটেইলড প্যাকিং লিস্ট দাখিল করা হয়েছিলো কিনা? (বিল অব এন্ট্রি নম্বর থাকলে) | সাসপেক্টকৃত হওয়ার পর গৃহীত কার্যক্রম (আইসিডিগামী কন্টেইনারের ক্ষেত্রে পত্র নম্বর ও তারিখসহ) | সাসপেক্টকৃত কন্টেইনার পরবর্তী কার্যক্রমের জন্য বুঝে নেওয়া এআইআর কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবি | দায়িত্বরত স্ক্যানিং কর্মকর্তার নাম | দায়িত্বরত স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |

**পরিশিষ্ট-৩**

**কাস্টমস স্ক্যানিং ডিভিশন**
**কাস্টমস হাউস, চট্টগ্রাম**

**কন্টেইনার স্ক্যানিং কাম ওয়েয়িং স্কেল অপারেশন বিঘ্ন সংক্রান্ত রেকর্ড রেজিস্টার**
**স্ক্যানার নম্বর/গেইট ও অবস্থান:**

| ক্রঃ নং | কন্টেইনার স্ক্যানিং কাম ওয়েয়িং স্কেল অপারেশন বিঘ্ন হওয়া শুরুর তারিখ, সময় ও স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | ট্রাবলশুটিং/মেইনটেন্যান্স কার্যক্রম শুরু হওয়ার তারিখ, সময় ও স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | ট্রাবলশুটিং/মেইনটেন্যান্স এর জন্য ব্যয়িত সময় ও স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | ট্রাবলশুটিং/মেইনটেন্যান্স সম্পন্নপূর্বক স্ক্যানিং অপারেশন সচল হওয়ার তারিখ, সময় ও স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | স্ক্যানিং অপারেশন বিঘ্ন হওয়ায় ব্যয়িত মোট সময় ও স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | স্ক্যানিং অপারেশন বিঘ্ন হওয়ায় কিউতে অপেক্ষারত কন্টেইনারের সংখ্যা ও স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর | অপারেশন বিঘ্নের কারণ | সংশ্লিষ্ট স্ক্যানারে দায়িত্বরত অপারেটরের প্রতিনিধির নাম, স্বাক্ষর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ |

**পরিশিষ্ট-৪**
**কাহাচ ফরম-০৫/২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

**[ কাস্টমস স্ক্যানিং ডিভিশন ]**

নথি নং: তারিখ: খ্রিঃ।

**বিষয়: প্রাইভেট কাস্টমস আইসিডি (আইসিডি'র নাম) গামী কন্টেইনার সাসপেক্টকৃত হওয়ার বিষয়টি অবহিতকরণ।**

প্রাইভেট কাস্টমস আইসিডি (আইসিডি'র নাম) গামী নিম্নোক্ত কন্টেইনারটি চট্টগ্রাম বন্দরে স্ক্যানিংয়ে সাসপেক্টকৃত হওয়ায় সংশ্লিষ্ট তথ্য পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো:

| ক্রঃ নং | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ০১ | সাসপেক্টকৃত কন্টেইনার নম্বর ও আকার ও সিল নম্বর। সিল অক্ষত আছে কিনা? হ্যাঁ/না। | |
| ০২ | স্ক্যানার নম্বর/গেইট ও অবস্থান | |
| ০৩ | সাসপেক্টকৃত হওয়ার তারিখ ও সময় | |
| ০৪ | বিএল নম্বর | |
| ০৫ | বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ (যদি থাকে) | |
| ০৬ | আমদানিকারক/রপ্তানিকারক ও BIN | |
| ০৭ | সিএন্ডএফ এজেন্টের নাম ও AIN (যদি বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর থাকে) | |
| ০৮ | কন্টেইনার সাসপেক্টকৃত হওয়ার কারণ | |
| ০৯ | কন্টেইনার-ভিত্তিক ডিটেইলড প্যাকিং লিস্ট দাখিল করা হয়েছিলো কিনা? হ্যাঁ/না। (বিল অব এন্ট্রি নম্বর থাকলে) | |
| ১০ | অন্যান্য তথ্য (যদি থাকে) | |

সংযুক্তি: স্ক্যানিং রিপোর্ট-০১ (এক) পৃষ্ঠা।

(দায়িত্বরত স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও নামীয় সিল)
অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস
অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (স্ক্যানিং) এর পক্ষে
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮
ইমেইল: customhousectg@nbr.gov.bd

কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

নথি নং: তারিখ: খ্রিঃ।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। অ্যাডিশনাল কমিশনার/জয়েন্ট কমিশনার অব কাস্টমস (পরীক্ষণ ডিভিশন), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
২। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (স্ক্যানিং), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩। অফিস কপি।

(দায়িত্বরত স্ক্যানিং কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও নামীয় সিল)
অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস